উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

রাজবাড়ী সদর উপজেলা পরিষদের জানুয়ারি/২০২৪ মাসে অনুষ্ঠিত (৫১ তম) মাসিক সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব মোঃ রকিবুল হাসান পিয়াল
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)
উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

তারিখ : ২৫.০১.২০২৪ খ্রিঃ, সময় : বেলা ১১.০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদের সম্মেলন কক্ষ, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী কর্তৃক উপজেলা পরিষদের সভার আলোচ্যসূচি মোতাবেক কার্যক্রম পরিচালনা করা হয়।

০২। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :
সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় উহা দৃঢ়ীকরণ করা হয়।

০৩। সভায় নিম্নরূপভাবে বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রঃ নং	বিভাগের নাম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, গত মাসে ভিটামিন এ ক্যাম্পেইন সম্পন্ন হয়েছে। বিভিন্ন জায়গায় উপজেলা সাব সেন্টারের ভবন মেরামত চলামান রয়েছে। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
০২	উপজেলা কৃষি বিভাগ	উপজেলা কৃষি অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান যে, বোরো মৌসুম শুরু হবে। বীজতলা পলিথিন দিয়ে ঢেকে দেয়ার পরামর্শ প্রদান করার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। বানীবহ ও মূলঘর ইউনিয়নে বিলের জমিতে পানী নিষ্কাশন করে ধান রোপনের উপযোগী করতে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। এছাড়া বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে চলছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা কৃষি অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী
০৩	উপজেলা প্রাণিসম্পদ বিভাগ	উপজেলা প্রাণিসম্পদ অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন যে, উপদেষ্টা মহোদয় পুনঃরায় নির্বাচিত হওয়ায় শুভেচ্ছা জানান। ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা বাজেটে বায়োগ্যাস প্লান্ট বাস্তবায়ন সম্পন্ন হয়েছে। মার্চ মাসে কার্যক্রম শুরু হবে। প্রাণীসম্পদ প্রদর্শনীতে অংশগ্রহণের অনুরোধ জানান। ঘাস চাষ ও খামারীদের প্রশিক্ষণের ট্রেনিং রয়েছে। বায়োগ্যাস প্লান্টের উদ্যোক্তদের প্রশিক্ষণ শুরু হবে। এছাড়া বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে চলছে।	প্রাণিসম্পদ প্রদর্শনীতে ইউপি চেয়ারম্যানদের আনুষ্ঠানিভাবে আমন্ত্রণ জানানোর সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাজবাড়ী সদর

CamScanner

০৪	উপজেলা মৎস্য বিভাগ	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, জাটকা সংরক্ষণ অভিযান: মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন-১৯৫০ অনুযায়ী নভেম্বর হতে জুন পর্যন্ত মোট ৮ মাস জাটকা সংরক্ষণ অভিযান বাস্তবায়নের করা হচ্ছে। উক্ত সময়ে জাটকা (২৫ সেমি এর ছোট ইলিশ) আহরণ, বিক্রয়, পরিবহন, মজুদ ও বিপনন নিষিদ্ধ। এই কার্যক্রম সফল করতে মোবাইল কোর্ট ও অভিযান পরিচালনা করা হচ্ছে। অভিযানকে জোরদার করতে উপজেলা প্রশাসন ও পুলিশ বাহিনীসহ সংশ্লিষ্ট সকলের সার্বিক সাহায্যের অনুরোধ জানানো হয়। জাটকা আহরণে বিরত জেলেদের মধ্যে ভিজিএফ বিতরণ: জাটকা আহরণে বিরত জেলেদের ভিজিএফ এর বরাদ্দ দেয়া হলে তা ইউপি চেয়ারম্যানদের অনুকূলে উপবরাদ্দ দেয়া হবে এবং বরাদ্দকৃত চাল জাটকা আহরণে বিরত প্রকৃত ইলিশ জেলেদের মাঝে বিতরণ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। ইলিশ জেলেদের বিকল্প কর্মসংস্থান: মৎস্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় ইলিশ সম্পদ রক্ষায় ইলিশ আহরণকারী জেলেদের মধ্যে বিকল্প কর্মসংস্থানের জন্য রাজবাড়ী সদর উপজেলায় ৩০ টি জেলে পরিবারের জন্য বরাদ্দ দেয়া হয়েছে। বরাদ্দকৃত উপকরণ সুফলভোগীদের মধ্যে বিতরণে সুফলভোগী নির্বাচনে যোগ্য জেলেদের প্রাথমিক তালিকা সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যানদের আহবান করা হয় এবং তাদের থেকে প্রাপ্ত প্রাথমিক তালিকা যাচাই-বাচাইয়ের কাজ চলছে এছাড়া মৎস্য বিভাগের অন্যান্য স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
০৫	উপজেলা প্রকৌশল বিভাগ	উপজেলা প্রকৌশলী, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান যে, তার বিভাগীয় উন্নয়নমূলক প্রকল্পসমূহের কাজ যথাযথভাবে চলমান আছে। কোন সমস্যা নেই। কাজীবাধা স্কুলের কাজ যত তাড়াতাড়ী সম্ভব শুরু করতে হবে। ভবনের ওয়াশরুম ডিজাইন অনুযায়ী করা হবে কিন্তু কিছু কিছু শিক্ষক বাইরে টয়লেট করার অনুরোধ জানিয়েছেন। এ বিষয়ে সুরাহা করার জন্য শিক্ষা অফিসারকে অনুরোধ জানান। স্কীম দিলে বাস্তবায়ন হবে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা প্রকৌশলী, রাজবাড়ী সদর
০৬	উপজেলা শিক্ষা বিভাগ	উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন যে, বঙ্গবন্ধু প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ফাইনাল খেলা গোপালগঞ্জে অনুষ্ঠিত হবে। রাজবাড়ী টিম অংশগ্রহণ করবে। বেসরকারী স্কুল নিবন্ধন নীতিমালার ক্যাটাগরী অনুযায়ী নিবন্ধনের আবেদন করতে হবে জানুয়ারি মাসের মধ্যেই। এ বিষয়ে চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। ফুরসারহাট প্রাথমিক বিদ্যালয় নদীগর্ভে বিলীন হয়ে গেছে। উক্ত স্কুল পুনঃ স্থাপনের জন্য জায়গা নির্ধারণ হয়েছে। তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর
০৭	উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ	উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন যে, মাধ্যমিক স্তরে নতুন বই দেয়া (সকল বই) সম্পন্ন হয়েছে। কোন প্রতিষ্ঠানে ছাত্র/ছাত্রী সংখ্যা বেড়ে গেলে বইয়ের চাহিদা পত্র দেয়ার জন্য অনুরোধ জানান। আগামী ২৭/০১/২০২৪ খ্রিঃ তারিখ রোজ শনিবার সকাল ১০.০০ ঘটিকায় বিজ্ঞান মেলা উদ্বোধনে স সকলকে আমন্ত্রণ জানান। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
০৮	উপজেলা সমাজসেবা বিভাগ	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, চলতি মাসে ২০টি প্রতিবন্ধী (সুবর্ণ নাগরিক) আইডি কার্ড প্রিন্ট ও বিতরণ করা হয়েছে।২০২৩-২৪ অর্থ বছরে অক্টোবর-ডিসেম্বর, ২০২৩ মাসের বয়স্ক ভাতার ২য় কিস্তির পে-রোল প্রেরণ করা হয়েছে। মোট বয়স্ক ভাতার অনুমোদিত সংখ্যা ১০,৯৬৮ জন।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

CamScanner

	উপজেলা সমাজসেবা বিভাগ	২০২৩-২৪ অর্থ বছরে অক্টোবর-ডিসেম্বর, ২০২৩ মাসের বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতার ১ম কিস্তির পে-রোল প্রেরণ করা হয়েছে। মোট বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতার সংখ্যা ৩,৩৫৯ জন। ২০২৩-২৪ অর্থ বছরে অক্টোবর-ডিসেম্বর, ২০২৩ মাসের প্রতিবন্ধী ভাতার ১ম কিস্তির পে-রোল প্রেরণ করা হয়েছে। মোট প্রতিবন্ধী ভাতার সংখ্যা ৫,৪৫৭ জন। ২০২৩-২৪ অর্থ বছরে অক্টোবর-ডিসেম্বর, ২০২৩ মাসের প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তির ১ম কিস্তির পে-রোল প্রেরণ করা হয়েছে। মোট প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তির সংখ্যা ৬৫ জন। ২০২৩-২৪ অর্থ বছরে অক্টোবর-ডিসেম্বর, ২০২৩ মাসের অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তির ১ম কিস্তির পে-রোল প্রেরণ প্রেরণ করা হয়েছে। মোট অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তির সংখ্যা ৭০ জন। ২০২৩-২৪ অর্থ বছরে অক্টোবর-ডিসেম্বর, ২০২৩ মাসের অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতার ১ম কিস্তির পে-রোল প্রেরণ প্রেরণ করা হয়েছে। মোট অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতার সংখ্যা ৮৮ জন। আরএসএস পুন:বিনিয়োগ করা হয় ১৮,৬০,৫০০/- এবং আদায়কৃত ১১,৮২,৫০০/- টাকা মাত্র। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।		
০৯	উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী
১০	উপজেলা খাদ্য বিভাগ	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, রাজবাড়ী সদর উপজেলায় ১৪টি ইউনিয়নে খাদ্যবান্ধব কর্মসূচির ডিলার কর্তৃক উত্তোলিত চাল টিসিবি ডিলার এর মাধ্যমে সুলভমূল্যে বিক্রয় কার্যক্রম অব্যাহত রয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
১১	উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
১২	উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, জানুয়ারি/২০২৪ মাসে অত্র উপজেলায় মোট সক্ষম দম্পতি ৭৪৮৯৫ জন, মোট গ্রহণকারী ৫৭৭৮০ জন, গ্রহনকারীর হার ৭৭.১৫%, স্থায়ী পদ্ধতির পুরুষ ০ জন, মহিলা ০৪ জন। মোট স্থায়ী পদ্ধতি ০৪ জন। দীর্ঘ মেয়াদী পদ্ধতির মধ্যে ইনজেকশন ০ জন, আইইউডি ১০২ জন ও ইমপ্লান্ট ২৩৬ জন, নব দম্পতির সংখ্যা ৪৫ জন, নরমাল ডেলিভারি ১৩৩ টি, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ডেলিভারী ২৯ জন ও মা ও শিশু কল্যাণ কেন্দ্র ০৯ টি। মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
১৩	উপজেলা যুব উন্নয়ন বিভাগ	উপজেলা যুব উন্নয়ন অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, আত্নকর্ম চলতি মাসে বিতরণ ০২ জন ১,২০,০০০/- টাকা, অর্থ বছরে বিতরণ ১৯ জন ১৪,৩০,০০০/- টাকা, ক্রমপুঞ্জিত বিতরণ ১২৮৯ জন ৪,৯৫,৩০,০০০/- টাকা, আদায়ের হার ৯৪%, প্রশিক্ষণ অগ্রগতি ০৯ ব্যাচে ২৭০ জন, চলতি মাসে কিস্তি খেলাপী ১,০৫,০৩৩/- টাকা, ঋণ খেলাপী ৪,৪৯,৯৩৩/- টাকা ও অর্থ বছরে আত্নকর্মী ২০ জন। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

CamScanner

১৪	উপজেলা সমবায় বিভাগ	উপজেলা সমবায় কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, জানুয়ারি/২০২৪ মাসে রূপপুর আশ্রয়ন প্রকল্পের আদায়কৃত ঋণের পরিমাণ ১,৩০০/- টাকা, সার্ভিস চার্জ আদায় ১০৪/- টাকা, দয়ালনগর নারী উন্নয়ন সমবায় সমিতি লিমিটেডের আদায়কৃত ঋণের পরিমাণ ১৭,০০০/- টাকা, সার্ভিস চার্জ আদায় ১৬০০০/- টাকা এবং নাওডুবি নারী উন্নয়ন সমবায় সমিতি লিমিটেডের আদায়কৃত ঋণের পরিমাণ ১,০০,০০০/- টাকা, সার্ভিস চার্জ আদায় ১৬,০০০/- টাকা। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা সমবায় কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
১৫	উপজেলা জনস্বাস্থ্য বিভাগ	উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন যে, সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের ২০২২-২৩ অর্থ বছরে ৪র্থ পর্যায়ে ৩৬৪ টি বিভিন্ন ধরণের নলকূপের মধ্যে ২৫৫ টি নলকূপ খনন কাজ সম্পূর্ণ হয়েছে। জি.পি.এস প্রকল্পে আওতায় ০৪ টি ওয়াশ ব্লক নির্মানের কাজ চলমান রয়েছে। পি.ই.ডি.পি-৪ প্রকল্পে আওতায় ০৫টি বিদ্যালয়ের কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং ১৫ টি বিদ্যালয়ের কাজ চলমান রয়েছে। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন।	উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
১৬	উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
১৭	উপজেলা দারিদ্র্য বিমোচন বিভাগ	উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, তার বিভাগের জানুয়ারি/২০২৩ মাসে ঋণ বিতরণ ২৯.৩৫ লক্ষ টাকা, ঋণ আদায় ৩৩.৪৭ লক্ষ টাকা, সঞ্চয় আদায় ৪.০৯ লক্ষ টাকা, সদস্য ভর্তি ১৪ জন ও আদায়ের হার ৯৭%। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন।	উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
১৮	পল্লী সঞ্চয় ব্যাংক	শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাজবাড়ী শাখা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন।	শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাজবাড়ী শাখা, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
১৯	উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)	ইউডিএফ, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন।	উপজেলা প্রকৌশলী ও ইউডিএফ, রাজবাড়ী সদর, রাজবাড়ী
২০	উপজেলা বন বিভাগ	উপজেলা বন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন।	উপজেলা বন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী

০৪। চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন যে, উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের সামনের মেইন গেটের ডিজিটাল লাইটিং বোর্ড মেরামত করা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠণ ও ব্যবহার নির্দেশিকার ৩(ক) নং অনুচ্ছেদের আলোকে উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রং করণ খাত হতে উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের সামনের মেইন গেটের ডিজিটাল লাইটিং বোর্ড মেরামত বাবদ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার প্রকল্প পিআইসি কমিটির মাধ্যমে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল অর্থায়নে বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

০৫। উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের সামনের বৈদ্যুতিক লাইনে পরপর দুইবার আগুন লেগে অফিসের বৈদ্যুতিক রুমের সমস্ত লাইন পুড়ে ভুসিভূত হয়। বিধায় উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনে বিদ্যুৎ না থাকায় দাপ্তরিক কার্যক্রম ব্যাহত হওয়ায় জরুরীভিত্তিতে বৈদ্যুতিক রুমের লাইন মেরামত বাবদ ৫০,০০০/- (পঁঞ্চাশ হাজার) টাকা ব্যয় করা হয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠণ ও ব্যবহার নির্দেশিকার ৩(ঘ) নং অনুচ্ছেদের আলোকে অপ্রত্যাশিত খাত হতে উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের বৈদ্যুতিক রুমের লাইন মেরামত ব্যয় বাবদ ৫০,০০০/- (পঁঞ্চাশ হাজার) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

CamScanner

০৬। সভায় উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন ও চত্বরের নিরাপত্তা নিশ্চিতকল্পে ০১ (এক) জন আনসার সদস্য মোতায়নের জন্য উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ীকে অনুরোধ জানানো হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠণ ও ব্যবহার নির্দেশিকার ৩ (ম) নং অনুচ্ছেদের আলোকে নিরাপত্তা খাত (আনসার) হতে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে দৈনিক ভাতাদি প্রদান সাপেক্ষে উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন ও চত্বরের নিরাপত্তা নিশ্চিতকল্পে ০১ (এক) জন আনসার সদস্যকে মোতায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়েছে।

০৭। বিবিধ :

(ক) উপজেলা পরিষদের ব্যয় সংক্রান্ত :

গত মাসে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্নরূপভাবে ব্যয় করা হয়েছে -

উপজেলা পরিষদের মালীর ডিসেম্বর/২০২৩ মাসের বেতন ভাতা বাবদ - ১৭,০৫০/- টাকা

উপজেলা পরিষদের পরিচ্ছন্নকর্মীর ডিসেম্বর/২০২৩ মাসের বেতন ভাতা বাবদ - ১৭,০৫০/- টাকা

সিদ্ধান্ত : রাজস্ব তহবিল খরচ সংক্রান্ত নীতিমালার আলোকে উক্ত বিল পরিশোধের বিষয়টি অনুমোদন করা হয়।

বাস্তবায়নে : উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল বিভাগীয় কর্মকর্তা এবং জনপ্রতিনিধিগণকে জনস্বার্থে নিজ নিজ ক্ষেত্রে নিষ্ঠা ও আন্তরিকতার সাথে কাজ করার আহবান জানিয়ে, সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মোঃ রকিবুল হাসান পিয়াল)
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)
উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা।

স্মারক নং-০৫.৩০.৮২৭৬.০১৮.০০.০৭.০০২.২৪-৭০(৫০) তারিখ : ২৫.০১.২০২৪ খ্রিঃ।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী-১ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

০৩। জেলা প্রশাসক, রাজবাড়ী।

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে

০৪-৫০। ....

....

রাজবাড়ী সদর, রাজবাড়ী।

২৫/০১/২০২৪
উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

CamScanner

০৬। সভায় উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন ও চত্বরের নিরাপত্তা নিশ্চিতকল্পে ০১ (এক) জন আনসার সদস্য মোতায়নের জন্য উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ীকে অনুরোধ জানানো হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকার ৩ (ম) নং অনুচ্ছেদের আলোকে নিরাপত্তা খাত (আনসার) হতে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে দৈনিক ভাতাদি প্রদান সাপেক্ষে উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন ও চত্বরের নিরাপত্তা নিশ্চিতকল্পে ০১ (এক) জন আনসার সদস্যকে মোতায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়েছে।

০৭। বিবিধ :

(ক) উপজেলা পরিষদের ব্যয় সংক্রান্ত :

গত মাসে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্নরূপভাবে ব্যয় করা হয়েছে -

উপজেলা পরিষদের মালীর ডিসেম্বর/২০২৩ মাসের বেতন ভাতা বাবদ -	১৭,০৫০/- টাকা
উপজেলা পরিষদের পরিচ্ছন্নকর্মীর ডিসেম্বর/২০২৩ মাসের বেতন ভাতা বাবদ -	১৭,০৫০/- টাকা

সিদ্ধান্ত : রাজস্ব তহবিল খরচ সংক্রান্ত নীতিমালার আলোকে উক্ত বিল পরিশোধের বিষয়টি অনুমোদন করা হয়।

বাস্তবায়নে : উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল বিভাগীয় কর্মকর্তা এবং জনপ্রতিনিধিগণকে জনস্বার্থে নিজ নিজ ক্ষেত্রে নিষ্ঠা ও আন্তরিকতার সাথে কাজ করার আহবান জানিয়ে, সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫।১।২৪

(মোঃ রকিবুল হাসান পিয়াল)
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)
উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা।

স্মারক নং-০৫.৩০.৮২৭৬.০১৮.০০.০৭.০০২.২৪-৭০(৫০) তারিখ : ২৫.০১.২০২৪ খ্রি:।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী-১ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

০৩। জেলা প্রশাসক, রাজবাড়ী।

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে

০৪-৫০ । ....

....

রাজবাড়ী সদর, রাজবাড়ী।

২৫/০১/২০২৪

উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

CamScanner